
উইনরক ইন্টারন্যাশনালের প্রতিনিধির সঙ্গে রাষ্ট্রপতির বৈঠক



ছবি: সংগৃহীত

বাংলাদেশে কৃষি, শিক্ষা, নিরাপদ অভিবাসন ও জলবায়ু সহনশীলতা নিয়ে কাজ আরও বিস্তৃত করার ওপর গুরুত্ব দিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এসব খাতে দীর্ঘদিনের অবদানের জন্য উইনরক ইন্টারন্যাশনালের প্রশংসাও করেন তিনি।

সোমবার (২৬ অক্টোবর) দুপুরে বঙ্গভবনে সংস্থাটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাকসোদা মাকসুদির সঙ্গে সৌজন্য সাক্ষাতে রাষ্ট্রপতি এসব কথা বলেন।

সাক্ষাৎকালে গ্রামীণ ও প্রান্তিক মানুষের কাছে স্বাস্থ্যসেবা, মানসম্মত শিক্ষা এবং কৃষিপণ্য বিপণনের সুযোগ পৌঁছে দিতে সংস্থাটিকে আরও উদ্যোগী হওয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি। শিক্ষা ও কৃষিসহ অগ্রাধিকারমূলক খাতে চলমান কার্যক্রম অব্যাহত রাখার কথাও বলেন তিনি।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষা, কৃষি, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং অভিবাসী কর্মীদের সুরক্ষায় সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বৈঠকে মাকসোদা মাকসুদি বাংলাদেশে উইনরক ইন্টারন্যাশনালের চলমান প্রকল্প ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।

উল্লেখ্য, ১৯৮০-এর দশক থেকে বাংলাদেশে কৃষি উন্নয়ন, জীবিকা, জলবায়ু সহনশীলতা ও মানবপাচার প্রতিরোধসহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করছে উইনরক ইন্টারন্যাশনাল।

LENS ASIA